সমকাল

তারিখ 02 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# অধ্যক্ষকে ফাঁসাতে গিয়ে ফেঁসে গেলেন দুই শিক্ষক

■ পীরগঞ্জ (রংপুর) প্রতিনিধি

পীরগঞ্জে অধ্যক্ষের মোটরসাইকেলে জাল নোট ও ইয়াবা ট্যাবলেট রেখে ফাঁসাতে গিয়ে ফেঁসে গেলেন একই প্রতিষ্ঠানের শিক্ষক শাহিনুর রহমান ও মিনু মিয়া। সোমবার ওই দুই শিক্ষককে গ্রেফতারের পর সন্ধ্যায় জেলহাজতে পাঠানো হয়। এদিকে ষড়যন্ত্রের শিকার অধ্যক্ষ গোলাম রসুল রানাকে ছেড়ে দিয়েছে পুলিশ।

উপজেলার বড়আলমপুর ইউনিয়নের বাঁশপুকুরিয়া ভোকেশনাল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের সঙ্গে দীর্ঘদিন ধরে ওই প্রতিষ্ঠানের কতিপয় শিক্ষকের বিরোধ চলছে। এ বিরোধের জের ধরে অধ্যক্ষের মোটরসাইকেলের সিটের নিচে গত ২৪ জানুয়ারি ১৯টি এক হাজার মূল্যমানের জাল নোট এবং দুই পিস ইয়াবা ট্যাবলেট রেখে দেওয়া হয়। রোববার ওই অধ্যক্ষের মোটরসাইকেলে উল্লেখিত অবৈধ সামগ্রী রয়েছে বলে মোবাইল ফোন থেকে থানার ওসিকে জানানো হয়।

পুলিশ ওইদিনই কলেজ থেকে বাড়ি ফেরার পথে পীরগঞ্জ-খালাশপীর সড়কের মেরিন একাডেমির কাছ থেকে অধ্যক্ষকে মোটরসাইকেলসহ আটক করে। সন্ধ্যায় মোবাইল ফোনের সূত্র ধরে ওই কলেজের চার শিক্ষককে আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। সোমবার মোবাইল ফোনের সূত্র ধরে খালাশপীরহাটের এক মোটরসাইকেল মেকারকে আটক করে থানায় এনে জিজ্ঞাসাবাদ করা হলে প্রকৃত তথ্য উদ্ঘাটিত হয়। ওই তথ্যের ভিত্তিতেই শিক্ষক শাহিনুর রহমান ও মিনু মিয়াকে পুলিশ গ্রেফতার করে।